# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

মুজিব বর্ষ ১০০
মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১২৭৫ তারিখঃ ০২.০৪.২০২০ ইং

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ০২ এপ্রিল, ২০২০ তারিখের জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-০৮ (কপি সংযুক্ত), অত্র বিভাগের ২৫.০৩.২০২০ তারিখের পত্র নং -প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১২৭১ এবং আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগের ৩০.০৩.২০২০ তারিখের পত্র নং প্রকা/আইসিটি(সিস্টেমস্)/২১(০১)/২০১৯-২০২০/২০০৫ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত পত্রসমূহ মোতাবেক করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে ঘোষিত সাধারণ ছুটি ও সাপ্তাহিক ছুটির ধারাবাহিকতায় আগামী ৫ এপ্রিল থেকে ৯ এপ্রিল ২০২০ পর্যন্ত সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য নিম্নোক্ত বিষয়ে নির্দেশনা প্রদান করা হলো:

ক) *সীমিত আকারে সকল প্রকার লেনদেনের জন্য ব্যাংকের সকল শাখা সমূহ খোলা থাকবে এবং দৈনিক লেনদেনের সময়সূচি হবে সকাল ১০.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত। এক্ষেত্রে, লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত শাখা খোলা রাখা যাবে।* এছাড়া শাখার জনবল পূর্বের ন্যায় রোস্টারিং ভিত্তিতে নিয়োজিত রাখবেন। অফিস চলাকালীন সময়ে নির্দেশনা মোতাবেক জীবানু সংক্রমণ বিষয়ে ইতিপূর্বের ব্যাংকের ও সরকারি সকল নির্দেশনা মেনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। বর্ণিত সময়ে গ্রাহকের প্রয়োজনে নগদ/চেকের মাধ্যমে অর্থ জমা ও উত্তোলনের পাশাপাশি ডিডি/পে-অর্ডার ইত্যাদি ইস্যু, ট্রেজারী চালান জমাসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক চালু রাখা বিভিন্ন পেমেন্ট সিস্টেমের/ক্লিয়ারিং ব্যবস্থার আওতাধীন অন্যান্য লেনদেন সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে।

খ) ব্যাংকের অনলাইন এবং অফ লাইন শাখাসমূহে লেনদেনের জন্য প্রধান কার্যালয়ের আইসিটি অপারেশন বিভাগ, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রধান কার্যালয় ভবনের পানি ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, আইসিটি অপারেশন বিভাগ, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগের নিরাপত্তার স্বার্থে প্রকিউরমেন্ট, কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ, এডি শাখা ও অন্যান্য শাখার বৈদেশিক লেনদেনে সহায়তা প্রদানের জন্য রেমিটেন্স বিভাগ ও আন্তর্জাতিক বানিজ্য বিভাগ, শাখা সমূহের তদারকির জন্য শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ এবং তহবিল সহায়তা প্রদানের জন্য ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ এর প্রয়োজনীয় সংশ্লিষ্ট জনবল (রোস্টারিং ভিত্তিতে) কাজে নিয়োজিত থাকবেন। বিভাগীয় মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণ সুনির্দিষ্ট কর্মকর্তা/প্রয়োজনীয় সংখ্যক জনবল (রোস্টারিং ভিত্তিতে) নিয়োজিত/দায়িত্ব প্রদানের মাধ্যমে শাখাসমূহের তদারকি নিশ্চিত করবেন।

গ) উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়, প্রশাসন-১ শাখার ২৪.০৩.২০২০ তারিখের পত্র নং ০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৭ এর মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগের ২২.০৩.২০২০ তারিখের পত্র নং ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯-১৪২ মোতাবেক ছুটিকালীন সময়ে আবশ্যিকভাবে প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীগণকে নিজ নিজ কর্মস্থল ত্যাগ না করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

ঘ) এছাড়া অত্র বিভাগের ২৫.০৩.২০২০ তারিখের জারিকৃত পত্র নং ১২৭১ এ উল্লেখিত অন্যান্য প্রযোজ্য শর্তাবলীসমূহ অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ ০১ পাতা।

০২/০৪/২০২০
(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১২৭৫(১২৫০) তারিখঃ ০২.০৪.২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

০২/০৪/২০২০
(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

Tanmay

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন


ডিওএস সার্কুলার লেটার নং-০৮

তারিখ ঃ ১৯ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ
০২ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

## সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ২৪/০৩/২০২০ এবং ২৫/০৩/২০২০ তারিখের যথাক্রমে ডিওএস সার্কুলার লেটার নং-০৬ ও ০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক ইতোপূর্বে ঘোষিত সাধারণ ছুটির চলমান মেয়াদ বৃদ্ধি করার প্রেক্ষিতে আগামী ০৫ এপ্রিল ২০২০ তারিখ হতে ০৯ এপ্রিল ২০২০ তারিখ পর্যন্ত দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচী সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত পুনঃনির্ধারণ করা হল। এক্ষেত্রে, লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে।

০৩। বর্ণিত সময়ে গ্রাহকের প্রয়োজনে নগদ/চেকের মাধ্যমে অর্থ জমা ও উত্তোলনের পাশাপাশি ডিডি/পে-অর্ডার ইত্যাদি ইস্যু, ট্রেজারী চালান জমাসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক চালু রাখা বিভিন্ন পেমেন্ট সিস্টেমের/ক্লিয়ারিং ব্যবস্থার আওতাধীন অন্যান্য লেনদেন সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে।

০৪। উপরোক্ত অনুচ্ছেদ নং-০২ ও ০৩ এ বর্ণিত বিষয়াদি ব্যতীত উপর্যুক্ত ২৪/০৩/২০২০ এবং ২৫/০৩/২০২০ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-০৬ এবং ডিওএস সার্কুলার লেটার নং-০৭ এর অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,


(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১১৩